



## রাবিতে তল্লাশি অভিযান ও সিসিটিভি ক্যামেরা স্থাপন হচ্ছে

রাবি সংবাদদাতা ॥ সম্প্রতি বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের পর শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়ে নড়েচড়ে বসেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (প্রশাসন)। আবাসিক হলগুলো দখলমুক্ত ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে তল্লাশি অভিযান পরিচালনা, সিসিটিভি ক্যামেরা স্থাপনসহ বিভিন্ন সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছেন একাধিক হল প্রাধ্যক্ষ। এসব সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহীদ হবিবুর রহমান হলে পুলিশের উপস্থিতিতে তল্লাশি চালায় হল প্রশাসন।

শিক্ষার্থীদের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো পুরোপুরি ছাত্রলীগের দখলে। আবাসিক শিক্ষার্থীরা জিম্মি হয়ে পড়েছেন নেতাকর্মীদের কাছে। ন্যায্যতার ভিত্তিতে সিট বরাদ্দেও ছাত্রলীগের দাপটে অসহায় হল প্রাধ্যক্ষরা। হলে সিট পেতে হলে ছাত্রলীগের কাছে শিক্ষার্থীদের ধরনা দিতে হয়। এছাড়া নেতাকর্মীদের সঙ্গে পূর্বশত্রুতা ও চাঁদাবাজির জন্য প্রায়শই শিক্ষার্থীদের শিবির ও মাদক কারবারি সন্দেহে পেটানো হয় বলেও অভিযোগ রয়েছে। এতে নিরাপত্তা সঙ্কটে রয়েছেন বলে জানিয়েছেন হলের আবাসিক শিক্ষার্থীরা। তবে ছাত্রলীগ শিবির বা মাদক কারবারি সন্দেহে কাউকে পেটানো হয় না বলে দাবি করেছেন রাবি ছাত্রলীগ সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রুণু।

এই ব্যাপারে হল প্রাধ্যক্ষ পরিষদের আহ্বায়ক ড. আবু শামস মোঃ রেজাউল হাসান করিম বকসী জানান, বুয়েটে আবরার হত্যাকাণ্ডের ঘটনার পর আমাদের হলগুলোতে যেন এমন অপ্রীতিকর ঘটনা না ঘটে, এজন্য গত বৃহস্পতিবার উপাচার্যের নেতৃত্বে নিরাপত্তা বিষয়ে বেশকিছু সিদ্ধান্ত নেয়া হয়েছে। হলগুলোতে তল্লাশি অভিযানের ব্যাপারে প্রধানমন্ত্রী যে নির্দেশনা দিয়েছেন তা কার্যকর করা হবে। হলগুলোতে সন্দেহজনক কোন কার্যক্রমের তথ্য পেলে পুলিশ যে কোন হলে তল্লাশি অভিযান চালাবে।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com